দৈনিক বাংলা

তারিখ ২৪/৪/৭৪ …… পৃষ্ঠা ৪ …… কলাম ২ ……

157

# বেসরকারী কলেজ শিক্ষকদের চাকরিবিধি ২৫শে সেপ্টেম্বরের মধ্যে প্রকাশের দাবী

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি আগামী ২৫শে সেপ্টেম্বরের মধ্যে বেসরকারী কলেজ শিক্ষকদের চাকরিবিধি প্রকাশের দাবী জানিয়েছে।

গত শুক্রবার বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির জাতীয় কর্ম পরিষদের এক বর্ধিত সভায় এই দাবী জানান হয়। বাকশিসের সভাপতি অধ্যাপক আ ফ ম খলিলুর রহমান এ সভায় সভাপতিত্ব করেন।

সভায় অত্যাসন্ন ঈদুল ফিতরের আগেই শিক্ষকদের কল্যাণ ভাতা দেয়ার জন্য দাবী জানান হয়।

খবর সংবাদ বিজ্ঞপ্তির।